

প্রতিবাদ পরিবর্তনের হাতিয়ার জাহাঙ্গীর হোসাইন বাবলু

একজন প্রতিবাদি সন্তান
একটি পরিবারের অনিয়ম ধ্বংস করতে পারে
দৃষ্টান্ত হতে পারে আরো দশটি পরিবারের ।
একজন প্রতিবাদি মানুষ
যে কোন সমাজ পতির দস্ত গুড়িয়ে দিতে পারে ।
কলুসমুজ্ঞ করতে পারে সমাজ'র অব্যবস্থা অনায়াসে ।
একজন প্রতিবাদি ছাত্র
যেকোন বিদ্যা পিঠের সকল অনিয়ম, দুর্নীতি
ঘেরা ছাত্র-শিক্ষক আর শিক্ষা ব্যবস্থার মাঝে
লুকিয়ে থাকা অব্যবস্থা ধুলায় লুটাতে পারে ।
একজন কবি প্রতিবাদি হলে
তার কবিতায় ঘুমন্ত জনগোষ্ঠীকে জাগ্রত করতে পারে
ভূমিকম্পের মতো নাড়া দিতে পারে
বিপদের আগুন ছড়িয়ে দিতে পারে শহস্র যোজন দিগন্তে ।
একজন প্রতিবাদি রাজনৈতিক
কাঁপিয়ে দিতে পারে দুঃশাষনে ঘেরা সিংহাসনের ভিত্তি
নিঃশেষ করতে পারে শোষকের উত্থান ।
যেখানেই হোক প্রতিবাদের আয়োজন কল্যাণে
সেখানেই জেগে উঠতে অধিকারের চর ।
বিজয়ের জয়ধ্বনী শোনা যাবে নিরুাম দ্বীপেও
বিপদের ধ্বনি প্রতিধ্বনিত হউক প্রতিটি প্রাণে ।